# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রেডিট বিভাগ

বিষয়ঃ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে সকল বিভাগের মহাব্যবস্থাপক, মুখ্যআঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপকদের নিয়ে অনুষ্ঠিত সিএমএসএমই **(CMSME)** খাতের জন্য ঘোষিত বিশেষ প্রনোদনা প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং সভার কার্যবিবরণী।

বিগত ১৫-০২-২০২১ ইং, ১৬-০২-২০২১ ইং, ২২-০২-২০২১ ইং এবং ২৩-০২-২০২১ ইং তারিখ যথাক্রমে ঢাকা ও ময়মনসিংহ বিভাগ; চট্টগ্রাম ও কুমিল্লা বিভাগ; সিলেট, বরিশাল ও খুলনা বিভাগ; এবং ফরিদপুর, কুষ্টিয়া ও স্থানীয় মুখ্য কার্যালয়ের মহাব্যবস্থাপকগণ, সংশ্লিষ্ট বিভাগাধীন মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকবৃন্দ ও সকল শাখা ব্যবস্থাপকদের নিয়ে উল্লেখিত কার্যদিবসগুলোতে প্রতিদিন বিকাল ৪.০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের বোর্ড রুমে ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আলী হোসেন প্রধানিয়া মহোদয়ের সভাপতিত্বে সিএমএসএমই (CMSME) খাতের জন্য ঘোষিত বিশেষ প্রনোদনা প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত পর্যালোচনা সভাসমূহে সঞ্চালকের দায়িত্ব পালন করেন উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব শিরিন আখতার। এছাড়া মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) জনাব মোঃ আজিজুল বারী, মহাব্যবস্থাপক (আর্ন্তজাতিক ও হিসাব মহাবিভাগ) জনাব পারভীন আকতার ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন।

০২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্বাগত বক্তব্য ঃ-

সভাপতি মহোদয় তাঁর বক্তব্যের শুরুতে ফেব্রুয়ারি মাসকে ভাষা আন্দোলনের মাস হিসেবে উল্লেখ করে ভাষা আন্দোলনের সকল শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। পাশাপাশি করোনা মহামারি আতঙ্ক বিরাজমান থাকা সত্ত্বেও শাখা এবং মাঠ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ব্যাংকে স্বশরীরে উপস্থিত থেকে সাহসিকতার সাথে তাদের দায়িত্ব পালন করায় তাদেরকে ধন্যবাদ জানান। করোনায় আক্রান্ত হয়ে যারা ইন্তেকাল করেছেন তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে ব্যাংকের যে সকল কর্মকর্তা ও কর্মচারী এই ভাইরাসে আক্রান্ত হয়েছেন তাদের দ্রুত আরোগ্য কামনা করেন। যারা আক্রান্ত হয়ে ইতোমধ্যে আরোগ্য লাভ করেছেন তাদের অভিনন্দন জানান। নির্বাহীসহ অত্র প্রতিষ্ঠানের যারা করোনা ভাইরাসের ভ্যাকসিন নিয়েছেন তাদের অভিনন্দন জানিয়ে যারা এখনো ভ্যাকসিন গ্রহন করতে পারে নাই তাদের দ্রুততার সাথে ভ্যাকসিন গ্রহনের পরামর্শ প্রদান করে সভাসমূহের কার্যক্রম শুরু করা হয়। এছাড়া কোভিড-১৯ এর কারণে সৃষ্ট দেশের অর্থনৈতিক সংকট মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজ সমূহ বাস্তবায়নে অনবদ্য অবদান রাখায় বাংলাদেশ কৃষি ব্যাংকের মাঠ পর্যায়ের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

বাংলাদেশ কৃষি ব্যাংক দেশের আর্থ-সামাজিক ও গ্রামীণ অর্থনীতির উন্নয়নের লক্ষ্যে কৃষিজ পন্যের উৎপাদন বৃদ্ধি, খাদ্যে স্বয়ংসম্পূর্নতা অর্জন এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্তে কৃষকদের মধ্যে ব্যাপকভাবে কৃষি ঋণ বিতরণ করা সহ কৃষি ভিত্তিক শিল্প ও দারিদ্র্য বিমোচন কর্মসূচীর আওতায় বিভিন্ন সেক্টরে ঋণ বিতরণে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। সাম্প্রতিক নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সৃষ্ট অর্থনৈতিক সংকট মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণ, কৃষক, শ্রমিক-কর্মচারীদের কাজে নিয়োজিত/বহাল এবং উদ্যোক্তাদের প্রতিযোগিতার সক্ষমতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত মোট ১,২৪,০৫৩ কোটি টাকার ২৩ টি আর্থিক প্রণোদনা প্যাকেজ সঠিকভাবে বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে। প্রনোদনা প্যাকেজের আওতায় বিশেষ করে এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ মোতাবেক অত্র ব্যাংকের ঋণ বিতরণ সন্তোষজনক হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

চলমান পরিস্থিতিতে সংশ্লিষ্ট সকলকে আরো বেশি উদ্যোমি হয়ে সচেতনতা, সতর্কতা ও সাহসিকতার সাথে কাজ করে দেশের অর্থনৈতিক সংকট মোতাবেলায় সরকার ঘোষিত প্রনোদনা প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়নসহ অন্যান্য ঋণ বিতরণ, ঋণ আদায় ও আমানত সংগ্রহসহ সকল কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী চালিয়ে যাওয়ার মাধ্যমে ব্যাংকের বর্তমান অবস্থার উন্নতির পাশাপাশি দেশ ও জাতির কল্যাণে কাজ করার উদাত্ত আহবান জানিয়ে স্বাগত বক্তব্য শেষ করেন।

০৩। উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর বক্তব্যঃ–

জনাব শিরীন আখতার, উপ-ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত সকলকে সালাম ও ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি বৈশ্বিক করোনা মহামারীর কারণে আক্রান্ত সকলের সুস্থতা কামনা করেন। তিনি সরকার ঘোষিত বিভিন্ন ঋণ প্রণোদনা কার্যক্রমের উপর বিশেষ গুরুত্ব দিয়ে তা যথাযথভাবে সম্পাদনের জন্য পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, আমরা আমাদের নিয়মিত লক্ষ্যমাত্রা অনুয়ায়ী ঋণ বিতরণের পাশাপাশি এবং সরকার ঘোষিত বিভিন্ন ঋণ প্রণোদনা কার্যক্রমগুলো যথাযথভাবে সম্পাদন করতে পারলে ব্যাংক তার অভিষ্ট লক্ষ্যে পৌছাঁতে পারবে। অন্যথায় ব্যাংক ঘুরে দাঁড়াতে পারবে না তাই সকলকে নিরলসভাবে চলতি অর্থবছরের মধ্যে প্রচেষ্টা অব্যাহত রেখে কাজ করার পরামর্শ দিয়ে এবং সকলের সুস্থতা কামনা করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

চলমান পাতা-০২

০৪। মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) মহোদয় এর বক্তব্যঃ-

জনাব মোঃ আজিজুল বারী, মহাব্যবস্থাপক, প্রশাসন মহাবিভাগ মহান আল্লাহর প্রতি শুকরিয়া ও কৃতজ্ঞতা প্রকাশ করে এবং সবাইকে সালাম জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। কোভিড-১৯ বিরাজমান পরিস্থিতিতে শাখা এবং মাঠ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ব্যাংকে স্বশরীরে উপস্থিত থেকে সাহসিকতার সাথে তাদের দায়িত্ব পালন করায় তাদেরকে ধন্যবাদ জানান, পাশাপাশি করোনা ভাইরাসে আক্রান্ত ব্যাংকের সকল কর্মকর্তা ও কর্মচারীর দ্রুত আরোগ্য কামনা করেন। তিনি চলতি ২০২০-২০২১ অর্থবছরের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পাশাপাশি সরকার ঘোষিত বিভিন্ন প্রনোদনা প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়নসহ যথাযথ রিপোর্টিং এর উপর গুরুত্ব আরোপ করেন এবং উপস্থিত সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

০৫। পর্যালোচনা সভায় আলোচনার ভিত্তিতে প্রাপ্ত তথ্যাদির সারসংক্ষেপ ও করনীয়ঃ-

এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ মোতাবেক নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাত পুনরুজ্জীবিতকরণে সরকার ঘোষিত আর্থিক প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের ক্ষেত্রে মঞ্জুরীকৃত ঋণের সর্বোচ্চ ৫০% বাংলাদেশ ব্যাংকের নিকট হতে পুনঃঅর্থায়ন গ্রহনের সুযোগ রয়েছে। পাশাপাশি এ স্কীমের আওতায় ৪% সুদ হারে ঋণ বিতরণ করে অবশিষ্ট ৫% বাংলাদেশ ব্যাংকের নিকট হতে সুদ ভূর্তকী দাবি সাপেক্ষে গ্রহন করতে হবে। পুনঃঅর্থায়ন সুবিধা ও সুদ ভূর্তকী দাবি করে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংকে প্রতিবেদন ও তথ্যাদি প্রেরণ করা হলেও তথ্যগত অসঙ্গতি ও ঘাটতি থাকায় বাংলাদেশ ব্যাংকের নিকট হতে পুনঃঅর্থায়ন ও সুদ ভূর্তকী প্রাপ্তিতে বিলম্ব ঘটছে মর্মে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগ কর্তৃক জানানো হয়। যথাসময়ে পুনঃঅর্থায়ন ও সুদ ভূর্তকী প্রাপ্তির লক্ষ্যে পর্যালোচনা সভায় নিম্নোক্ত বিষয়গুলো যথাযথভাবে অনুসরনের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়ঃ

ক) ক্রেডিট বিভাগের ২৬/১১/২০২০ তারিখের পত্রসূত্র নং-১৩৩৯(১২০০) মূলে জারীকৃত খসড়া মঞ্জুরীপত্র অনুসরনপূর্বক মঞ্জুরীপত্র ইস্যুকরণ; (কার্যকরণ ঃ সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয় মহাব্যবস্থাপক)

খ) ব্যক্তির নামে মঞ্জুরীপত্র ইস্যু না করে প্রতিষ্ঠানের নামে মঞ্জুরীপত্র ইস্যুকরণ; (কার্যকরণ ঃ সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয় মহাব্যবস্থাপক)

গ) এসএমইএসপিডি সার্কুলার নং-১, তারিখঃ ১৩/০৪/২০২০ মোতাবেক এ ঋণের সুদের হার সর্বোচ্চ ৯% হবে, এর মধ্যে ৪% ঋণ গ্রহিতা পরিশোধ করবে এবং অবশিষ্ট ৫% সরকার নিকট হতে ভূর্তকী হিসাবে দাবীপুর্বক গ্রহন করতে হবে। ঋণ মঞ্জুরীপত্রে এ সংক্রান্ত সুস্পষ্ট নির্দেশনা; (কার্যকরণ ঃ সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয় মহাব্যবস্থাপক)

ঘ) নতুন ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে প্রাপ্ততা সীমার এবং ভোগরত ঋণের ক্ষেত্রে ভোগরত সীমার নির্ধারিত হার অনুসরনপূর্বক (এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ ও সার্কুলার লেটার নং-০৭/২০২০ মোতাবেক ) ঋণ মঞ্জুরি ও বিতরণ করতে হবে; (কার্যকরণ ঃ সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয় মহাব্যবস্থাপক)

ঙ) আলোচ্য প্রণোদনা প্যাকেজের ঋণ/বিনিয়োগ অনুমোদন, বিতরণ এবং পুনঃঅর্থায়ন সংক্রান্ত মাসিক বিবরণী পরবর্তী মাসের ০৩(তিন) কর্মদিবসের মধ্যে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিতকরণ; (কার্যকরণ ঃ সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয় মহাব্যবস্থাপক)

চ) এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০২০ এর আওতায় ঋণ/বিনিয়োগ মঞ্জুরীর পর মঞ্জুরীকৃত ঋণ/বিনিয়োগ সীমার সর্বোচ্চ ৫০% অর্থ পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদনের সাথে আবশ্যিকভাবে প্রতিটি ঋণ/বিনিয়োগের নিম্নোক্ত ৪টি তথ্যাদির স্কেন কপি (প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, উদ্যোক্তার জাতীয় পরিচয়পত্রের কপি, ঋণ মঞ্জুরীপত্রের কপি ও হালনাগাদ ব্যাংক হিসাবের লেনদেন বিবরণী) ঋণ বিতরণ সংক্রান্ত মাসিক বিবরণীর সাথে প্রেরণ; (কার্যকরণ ঃ সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয় মহাব্যবস্থাপক)

ছ) গ্রাহক পর্যায়ে সচেতনতা বৃদ্ধি করে ত্রৈমাসিক ভিত্তিতে সুদারোপের ফলে ঋণ হিসাবে সীমাতিরিক্ত স্থিতি পরবর্তী মাসের ০৩ কর্মদিবসের মধ্যে সমন্বয়/আদায় নিশ্চিত করে সুদ ভর্তুকী সংক্রান্ত প্রতিবেদন ০৫ কর্মদিবসের মধ্যে হালনাগাদ ব্যাংক হিসাব বিবরণীসহ প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে প্রেরণ; (কার্যকরণ ঃ সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয় মহাব্যবস্থাপক)

জ) এসএমই ঋণের তিনটি উপখাতের মধ্যে আলোচ্য প্যাকেজের আওতায় ব্যবসা (ট্রেডিং) উপখাত অপেক্ষা ম্যানুফেকচারিং ও সেবা উপখাতকে অধিকতর গুরুত্ব দিয়ে নতুন বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা ১০০.০০ কোটি টাকা ম্যানুফেকচারিং ও সার্ভিস উপখাতে বিতরণ। (কার্যকরণ ঃ সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয় মহাব্যবস্থাপক)

চলমান পাতা-০৩

০৬। সমাপনী বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উল্লেখ করেন এসএমইপিডি সার্কুলার নং- ০১/২০২০ এর আওতায় সিএমএসএমই প্যাকেজে বিকেবি'র অনুকূলে বরাদ্দকৃত ২৪২.০০ কোটি টাকার বিপরীতে ১৪/০২/২০২১ তারিখ পর্যন্ত ৫৫৯২ জন গ্রাহকের অনুকূলে মোট ২৩৬.১১ কোটি টাকা বিতরণ করা হয়েছে। এবং নতুনভাবে বরাদ্দ প্রাপ্ত ১০০.০০ কোটি টাকা মাঠ পর্যায়ে বন্টনপূর্বক নির্ধারিত সময়সীমা ৩১/০৩/২০২১ তারিখের মধ্যে তা অর্জনের আশাবাদ ব্যক্ত করেন। পর্যালোচনা সভায় কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত নির্দেশনাসমূহ মহাব্যবস্থাপকগণ তাদের অধিনস্ত মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগনের সাথে এবং মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগন শাখা ব্যবস্থাপকদের সাথে এবং শাখা ব্যবস্থাপকগন শাখায় কর্মরত সকলের সাথে আলোচনা করে বাস্তবায়নের নিমিত্তে দিক নির্দেশনা প্রদান অব্যাহত রাখবে।

পরিশেষে সিএমএসএমই সহ সকল প্রনোদনা প্যাকেজসমূহের পূর্ণাঙ্গ বাস্তবায়ন এবং চলতি ২০২০-২০২১ অর্থবছরে ব্যাংকের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন এবং পর্যালোচনা সভার কার্যক্রম সফলভাবে সম্পাদনে সার্বিক সহযোগিতার জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

08/06/20

(মোঃ আজিজুল বরী)
মহাব্যবস্থাপক, প্রশাসন মহাবিভাগ
(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগের দায়িত্বে)

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২০২১/ ২১৪৬(৮২৫০) তারিখঃ ০৮/০৩/২০২১

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ-</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
০৭। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
১১। নথি/মহানথি।

08/03/2021

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
<u>উপ-মহাব্যবস্থাপক</u>